42

দৈনিক ইনকিলাব

তারিখ JUN 29 1999
পৃষ্ঠা ১ কলাম ৬

শিক্ষকদের স্মারকলিপি

# দাবী না মানলে ২২ জুলাই পরবর্তী কর্মসূচী

স্টাফ রিপোর্টার ঃ বেসরকারী শিক্ষকদের শতকরা ১০০ ভাগ মূল বেতন, সরকারী-বেসরকারী শিক্ষকদের পদোন্নতি ও পরীক্ষায় নকল প্রতিরোধে রাজধানীসহ দেশের সকল জেলা সদরে সরকারী-বেসরকারী শিক্ষকরা গতকাল (সোমবার) মিছিল করে জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রীর বরাবরে ১৫ দফা ও ৭ দফাসম্বলিত স্মারকলিপি পেশ করেছে। এতে বলা হয়, দাবী আদায় না হলে আগামী ২২ জুলাই ঢাকায় ফেডারেশনের জাতীয় প্রতিনিধি সভা অনুষ্ঠিত হবে। এতে পরবর্তী কর্মসূচী ঠিক করা হবে।

ঢাকায় ফেডারেশনের সেক্রেটারী জেনারেল প্রিন্সিপাল কাজী ফারুক আহমেদের নেতৃত্বে ঢাকা মহানগর ও জেলার স্কুল ও কলেজ শিক্ষকগণ মিছিলসহকারে অতিরিক্ত জেলা প্রশাসক জনাব শাহজাহান মোল্লার মাধ্যমে

২-এর পৃঃ ৭-এর কঃ দেখুন

## শিক্ষকদের স্মারকলিপি

প্রথম পৃষ্ঠার পর

প্রধানমন্ত্রী বরাবর ১৫ ও ৭ দফাসম্বলিত স্মারকলিপি পেশ করেন। প্রতিনিধি দলে অন্তর্ভুক্ত ছিলেন প্রিন্সিপাল একেএম জহিরুল ইসলাম, আলী আকবর খান ডলার, মোঃ সেলিম ভূঞা, প্রফেসর শাহজাহান মিয়া, মোঃ তোহা, প্রফেসর আসাদুল হক, আবদুর রব মিয়া, প্রফেসর জানে আলম সিকদার, প্রিন্সিপাল সাইদুন নাহার মোঃ আজিজুল ইসলাম, প্রিন্সিপাল রোজী আক্তার, প্রফেসর নুরুন্নবী সিদ্দিকী, প্রফেসর আনোয়ারুল করিম প্রমুখ।

উল্লেখ্য, গত ২৪ জুন ফেডারেশনের উদ্যোগে থানা সদরে ১৫ ও ৭ দফা দাবীতে টিএনও'র মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবরে অনুরূপ স্মারকলিপি প্রদান করা হয়।